




ISO 9001:2015 Certified

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।

ফোনঃ ০৪৪১-৬২২২০, E-mail: patuakhali.pbs@gmail.com WEB: www.pbs.patuakhali.gov.bd

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে মহিলাদের জন্য সংরক্ষিত বিলিং সহকারী (“কাজ নাই মজুরী নাই”) পদে
“নিয়োগ বিজ্ঞপ্তি”

স্মারকনং-২৭.১২.৭৮৯৫.৫৪০.০২.০০৮.২০.১০৩৯

তারিখঃ ২১ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে “কাজ নাই মজুরী নাই” এ শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মহিলাদের জন্য সংরক্ষিত বিলিং সহকারী পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী (পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা) মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের নামের পাশে শূণ্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করা হলো:

পদের নাম	শূণ্য পদের সংখ্যা	বয়স সীমা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মজুরী	যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।
বিলিং সহকারী (কাজ নাই মজুরী নাই) মহিলাদের জন্য সংরক্ষিত	০৯ (নয়) টি নিয়োগ প্রদানকালীন এ সংখ্যা কম বেশী হতে পারে।	৩১/০৮/২০২০ খ্রীঃ তারিখে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	(ক) এস এস সি বা সমমান ও এইচ এসসি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ২.৫০ সহ উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীর কম্পিউটারে ও গাণিতিক বিষয়ে ভাল জ্ঞান থাকতে হবে। (গ) প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ ও ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।	দৈনিক শুধুমাত্র ৭০০.০০ (সাতশত) টাকা।	পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা(পটুয়াখালী জেলার পটুয়াখালী সদর, দুমকী, মিজাগর্জ, বাউফল, দশমিনা, গলাচিপা, কলাপাড়া, রাজাবালী ও বরগুনা জেলার বরগুনা সদর, আমতলী, তালতলী, বেতাগী উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থী) শুধুমাত্র মহিলা নাগরিকগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলীঃ

০১। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট pbs.patuakhali.gov.bd এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর ওয়েবসাইট reb.gov.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরনযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদনফর্ম A4 সাইজের কাগজে হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আবেদন ফর্মটি আবেদনকারীকে স্বহস্তে পূরন করতে হবে।

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে “প্রযোজ্য নয়” উল্লেখ করতে হবে।

০৪। আবেদন পত্রের সাথে প্রার্থীর চাহিত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়) নাগরিকত্ব সনদ, সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) দাখিল করতে হবে।

০৫। বর্ণিত শূণ্য পদের সংখ্যা নিয়োগ প্রদানকালীন কম বেশী হতে পারে।

০৬। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৭। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ কোন ক্রমেই স্থায়ী করা হবে না। যতদিন প্রয়োজন ততদিন “কাজ নাই মজুরী নাই” ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

০৮। কোন কারন দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। আবেদনপত্র আগামী ২০/০৯/২০২০খ্রিঃ তারিখে অফিস সময়ের মধ্যে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গৃহীত হবে না।

১০। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পুরণকৃত ফর্মের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১১। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

১২। প্রার্থীকে পটুয়াখালী পবিসের যে কোন অফিসে চাকুরী করতে বাধ্য থাকতে হবে।

১৩। আবেদনকারী পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের (ক্রমিক নং- ০১) আবেদনপত্র স্বহস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদি সহ প্রেরণ করবেন।

জেনারেল ম্যানেজার
পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী

অনুলিপি: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ):

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২। জেলা প্রশাসক, পটুয়াখালী/বরগুনা।

০৩। পুলিশ সুপার, পটুয়াখালী/বরগুনা।

০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পরিঃ(পঃঅঃ)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৫। ডিজিএম, (বাউফল/বরগুনা/কলাপাড়া/গলাচিপা) জোনাল অফিস, পপবিস।

০৬। অফিসার ইনচার্জ, আমতলী/দশমিনা, সাব-জোনাল অফিস, পপবিস।

০৭। এজিএম(অর্থ-হিসাব/রাজস্ব), পপবিস।

০৮। অফিস নথি/মাষ্টার নথি।

(এফ এম সাইদুর রহমান)
এজিএম (মানব-সম্পদ)

